# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA
## Bengali text Bulletin

**Date - 06-06-2026** **Time: 1.30 PM**

বিশেষ বিশেষ খবরঃ–

১) পশ্চিমবঙ্গে রেল পরিকাঠামো উন্নয়নে কেন্দ্র ও রাজ্য যৌথ উদ্যোগে এক লক্ষ কোটি টাকারও বেশি খরচ করা হবে বলে রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব ও মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর মধ্যে বৈঠকে সিদ্ধান্ত হয়েছে।

২) ভারতের রিজার্ভ ব্যাংক – আর বি আই, সরকারি শেয়ারে বিনিয়োগের ক্ষেত্রে বিদেশী পোর্টফলিও লগ্নিকারিদের জন্যে নিয়ন্ত্রক পরিকাঠামোয় কিছু পরিবর্তনের কথা ঘোষণা করেছে।

৩) প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং বলেছেন , ভারত বিশ্বের দ্রুততম বিকাশশীল অর্থনীতির দেশ হিসেবে নিজেদের জায়গা মজবুত করেছে।

৪) ভারত - মার্কিন যুক্তরাষ্ট্রের সেনাবাহিনীর মধ্যে ২৯ টম আর্মি টু আর্মি স্টাফ টক হাওয়াই তে অনুষ্ঠিত হয়েছে।

৫)অনুর্ধ্ব ১৮ এশিয়া কাপ হকির ফাইনালে ভারত আজ জাপানের মুখোমুখি হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব জানিয়েছেন, ২০২৬-২৭ অর্থবর্ষে রেল বাজেটে পশ্চিমবঙ্গের জন্য ১৪ হাজার ২০৫ কোটি টাকা বরাদ্দ হয়েছে।

পশ্চিমবঙ্গে ইতিমধ্যেই ১০টি অমৃত ভারত স্টেশনের কাজ শেষ হয়েছে। বর্তমানে ৯টি বন্দে ভারত এক্সপ্রেস এবং একাধিক অমৃত ভারত ট্রেন পশ্চিমবঙ্গে চলাচল করছে।

আগামী পাঁচ বছরে কলকাতা মেট্রোর জন্য ৬০টি নতুন প্রজন্মের ট্রেন চালুর পরিকল্পনার কথাও ঘোষণা করেন তিনি।

(বাইট-অশ্বিনী)

নবান্নে আজ রেল মন্ত্রী অশ্বিনী বৈষ্ণবের সঙ্গে বৈঠকের পর মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানান , পশ্চিমবঙ্গের রেল পরিকাঠামোর উন্নয়নে কেন্দ্র ও রাজ্যের যৌথ উদ্যোগে ১ লক্ষ কোটি টাকারও বেশি কাজ হবে বলে বৈঠকে ্সিদ্ধান্ত হয়েছে । তিনি বলেন , রাজ্যের ১০২ টি নতুন অমৃত ভারত স্টেশন হবে। ৫৩৮টি ফ্লাইওভার ও আন্ডারপাস নির্মাণের পরিকল্পনা রয়েছে।

(বাইট-শুভেন্দু)

এছাড়া দিল্লি-লখনউ-বারাণসী-পাটনা হয়ে শিলিগুড়ি পর্যন্ত সম্ভাব্য বুলেট ট্রেন করিডর এবং ডানকুনি থেকে শুরু হওয়া পূর্ব-পশ্চিম ডেডিকেটেড ফ্রেইট করিডরের কথাও উল্লেখ করেন রেলমন্ত্রী। তাঁর মতে, এই প্রকল্পগুলি বাস্তবায়িত হলে পশ্চিমবঙ্গের অর্থনীতি ও শিল্পোন্নয়নে বড়সড় গতি আসবে।

এর আগে শ্রী বৈষ্ণো বিমানবন্দর থেকে নোয়াপাড়া পর্যন্ত মেট্রোতে সফর করেন। কথা বলেন যাত্রীদের সঙ্গেও। সঙ্গে ছিলেন রাজ্যের মন্ত্রী জগন্নাথ চট্টোপাধ্যায়, সাংসদ জ্যোতির্ময় সিং মাহাতো। নোয়াপাড়া থেকে অটো করে রেলমন্ত্রী বেলঘরিয়া এক্সপ্রেসওয়েতে যান। সেখান থেকে সোজা চলে যান নবান্নে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

ভারতের রিজার্ভ ব্যাংক – আর বি আই, সরকারি শেয়ারে বিনিয়োগের ক্ষেত্রে বিদেশী পোর্টফলিও লগ্নিকারিদের জন্যে নিয়ন্ত্রক পরিকাঠামোয় কিছু পরিবর্তনের কথা ঘোষণা করেছে। এর ফলে বিনিয়োগের পদ্ধতি কিছুটা সরল হবে বলে আশা করা হচ্ছে।

সংশোধিত নিয়ম অনুযায়ী এখন থেকে স্বল্প মেয়াদী বিনিয়োগের ক্ষেত্রে জেনেরাল রুটে বিদেশী পোর্টফলিও লগ্নিকারি FPIদের বিনিয়োগের উর্ধসীমার জন্যে সম্মতির প্রয়োজন পরবেনা। এর ফলে বিদেশী বিনিয়োগকারীদের , লগ্নির পথ আরও সুগম হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং বলেছেন, ভারত বিশ্বের দ্রুততম বিকাশশীল অর্থনীতির দেশ হিসেবে এগিয়ে চললেও,বহুদেশই অর্থনৈতিক অনিশ্চয়তার সম্মুখীন হয়েছে। ২০২৫-২৬ অর্থবর্ষে দেশের মোট অভ্যন্তরীণ উৎপাদন-জিডিপি'র বৃদ্ধির হার ৭ দশমিক ৭ শতাংশ হওয়ায় সন্তোষ প্রকাশ করে তিনি বলেন,গত ১২ বছরে ভারতের অর্থনীতি শক্তিশালী এবং আত্মনির্ভর হয়েছে। সমাজ মাধ্যমে এক পোস্টে শ্রী সিং বলেন,প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে ভারতের অর্থনীতিতে স্থায়ীত্ব এসেছে। এই উন্নয়ন ১৪০ কোটি দেশবাসীর সামনে এক নতুন দিগন্ত উন্মোচন করেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রক জানিয়েছে, জুন মাস পর্যন্ত দেশ জুড়ে সাড়ে নয় লক্ষের বেশি কৃষক ‘খেত বাঁচাও অভিযান’-এ অংশ নিয়েছেন। এরফলে সুষম সার ব্যবহারের এই প্রচার কর্মসূচিটি একটি দেশব্যাপী গণ-আন্দোলনে পরিণত হয়েছে। কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রকের উদ্যোগে শুরু হওয়া এই অভিযানের লক্ষ্য হলো সুষম সার প্রয়োগের প্রসার ঘটানো, মাটির উর্বরতা রক্ষা করা এবং কৃষিক্ষেত্রে বিজ্ঞানসম্মত পদ্ধতির ব্যবহারে উৎসাহিত করা।

কৃষি মন্ত্রক জানিয়েছে, এই অভিযানের আওতায় এ পর্যন্ত ১৭ হাজার ৮০০-এরও বেশি সচেতনতা কর্মসূচি আয়োজন করা হয়েছে, যার মাধ্যমে প্রায় ৬দশমিক নয় আট লক্ষ কৃষকের কাছে পৌঁছানো সম্ভব হয়েছে। পাশাপাশি, প্রায় ৩ হাজার ৭০০টি প্রশিক্ষণ কর্মসূচিতে দেড় লক্ষেরও বেশি অংশগ্রহণকারীকে সারের সুষম ব্যবহার, মাটির স্বাস্থ্য ব্যবস্থাপনা এবং বৈজ্ঞানিক পদ্ধতিতে কৃষিকাজ বিষয়ক তথ্য প্রদান করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

ভারতে যাত্রীবাহী গাড়ি চলতি বছরের মে মাসে ৪ লাখের বেশি বিক্রির নজির গড়েছে। এই কথা উল্লেখ করে কেন্দ্রীয় বাণিজ্য ও শিল্পমন্ত্রী পীযূষ গোয়েল সমাজ মাধ্যমে এক বার্তায় বলেন, এই সংখ্যা বিশ্বব্যাপী অনিশ্চয়তা সত্ত্বেও উপভোক্তাদের চাহিদার প্রতিফলন ঘটায়।

তিনি বলেন, 'মেড-ইন-ইন্ডিয়া' যানবাহনের এই জোরালো চাহিদা গ্রাহকদের ক্রমবর্ধমান আস্থা এবং একটি সমৃদ্ধ উৎপাদন ইকোসিস্টেমের বিষয়কে স্পষ্টভাবে ফুটিয়ে তুলেছে। শ্রী গোয়েল আরও বলেন,

'বিকশিত ভারত'-এর এই যাত্রা মূলত ১৪০ কোটি ভারতীয়র উদ্ভাবন, উদ্যোগ ও আকাঙ্ক্ষার দ্বারা চালিত হচ্ছে।

oooooooooooooooooooooooo

কেন্দ্রীয় মধ্য শিক্ষা পর্ষদ সিবিএসই পরীক্ষার্থীদের নম্বর যাচাই ও পুনর্মূল্যায়নের জন্য আবেদন পত্র জমা দেওয়ার সমসয়সীমা ৭ ই জুন অর্থাত্ আগামীকাল পর্যন্ত বৃদ্ধি করেছে। সামাজিক মাধ্যমে এক বার্তায় পর্ষদের পক্ষ থেকে জানানো হয়েছে, পড়ুয়ারা আগামীকাল মধ্যরাত পর্যন্ত তাদের আবেদন পত্র জমা করতে পারবেন। ছাত্রছাত্রীদের সুবিধার্থে আবেদন দাখিলের জন্য অতিরিক্ত সময় দেওয়ার এই সিদ্ধান্ত। এর আগে আবেদন পত্র জমা দেওয়ার শেষ দিন ধার্য হয়েছিল, ৬ ই জুন।

সিবিএসই সমস্ত যোগ্য পড়ুয়াকে বর্ধিত এই সময়সীমার বিষয়টি মাথায় রেখে নির্ধারিত সময়ের মধ্যেই আবেদন প্রক্রিয়া সম্পূর্ণ করার পরামর্শ দিয়েছে।

oooooooooooooooooooooooo

ভারত ও মার্কিন যুক্তরাষ্ট্রের সেনাবাহিনীর মধ্যে ২৯তম 'আর্মি-টু-আর্মি স্টাফ টকস' (AAST) হাওয়াইতে অনুষ্ঠিত হয়েছে। এই আলোচনার যৌথ সভাপতিত্ব করেন ভারতীয় সেনাবাহিনীর ডেপুটি চিফ অফ আর্মি স্টাফ (স্ট্র্যাটেজি) লেফটেন্যান্ট জেনারেল রাজীব ঘাই এবং ইউএস আর্মি প্যাসিফিকের ডেপুটি কমান্ডিং জেনারেল লেফটেন্যান্ট জেনারেল জোয়েল ভাওয়েল।
এই আলোচনায় প্রতিরক্ষা ক্ষেত্রে দ্বিপাক্ষিক সহযোগিতা , পারস্পরিক কার্যক্ষমতা , বিভিন্ন বিষয়ে পেশাগত ভাবে আদানপ্রদান বৃদ্ধি এবং অভিন্ন নিরাপত্তা স্বার্থ রক্ষায় সামরিক সহযোগিতাকে আরও মজবুত করার বিষয়ে বিশেষ গুরুত্ব দেওয়া হয় ।উভয় পক্ষই সেনাবাহিনী-পর্যায়ে ভারত-মার্কিন যুক্তরাষ্ট্র কৌশলগত অংশীদারিত্ব আরও দৃঢ় করার বিষয়ে সম্মতি প্রকাশ করেছে ।

oooooooooooooooooooooooo

বিদেশ মন্ত্রী ডক্টর এস জয়শংকর আজ,নব নিযুক্ত স্লোভানিয়ার বিদেশমন্ত্রী,টোন কাজ্জেরকে অভিনন্দন জানিয়েছেন। একই সঙ্গে একত্রে কাজ করার বিষয়ে ইচ্ছা প্রকাশ করেছেন ।স্লোভানিয়ায় ,প্রধানমন্ত্রী জানেজ জাসনার নেতৃত্বাধীন দক্ষিণপন্থী জোট সরকারের বিদেশমন্ত্রী হিসেবে শপথ নেন,টোন কাজ্জের। তাঁর ৩০ বছরের কূটনৈতিক অভিজ্ঞতা রয়েছে।

এর আগে গত বৃহস্পতিবার প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ,জানেজ জানসাকে নির্বাচনে জয়ী হওয়ায় অভিনন্দন জানান এবং দ্বিপাক্ষিক সম্পর্ক আরও উন্নত করতে একত্রে কাজ করার ইচ্ছা প্রকাশ করেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

পাকিস্তান, জম্মু-কাশ্মীর সম্পর্কে মিথ্যা বক্তব্য পেশ করে রাষ্ট্রসংঘ নিরাপত্তা পরিষদে তার অস্থায়ী সদস্য পদের অপব্যবহার করছে বলে ভারতের দাবি। ভারতের স্থায়ী প্রতিনিধি পি হরিশ বলেছেন, পাকিস্তানের এই ধরনের ভুয়ো দাবি কখনই বাস্তব পরিস্থিতির বদল ঘটাতে পারেনা। জম্মু কাশ্মীর বরাবরই ভারতের অবিচ্ছেদ্য অঙ্গ ছিল, বর্তমানে আছে এবং ভবিষ্যতেও থাকবে বলে তিনি স্পষ্ট জানান। শ্রী হরিশ বলেন, পাকিস্তান রাজনৈতিক স্বার্থে রাষ্ট্রসংঘ নিরপত্তা পরিষদে বিভিন্ন বিভ্রান্তিকর তথ্য প্রচার ও প্রকাশ করে তাদের উপস্থিতিকেই সঙ্কটজনক করে তুলেছে।

উল্লেখ্য রাষ্ট্রসংঘ সাধারণ সভায় নিরপত্তা পরিষদের বার্ষিক রিপোর্ট নিয়ে এক আলোচনায় পাকিস্তানের স্থায়ী প্রতিনিধি আসিম ইফতিকার আহমেদ জম্মু কাশ্মীর প্রসঙ্গে যে অবতারনা করেন, তার প্রেক্ষিতেই ভারতের এই প্রতিক্রিয়া।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

পাঞ্জাবের ফিরোজপুর ফাজিলকা সড়কে আজ সকালে একটি ট্রাকের সঙ্গে গাড়ির সংঘর্ষে অন্তত আটজন নিহত এবং আরো কয়েকজন আহত হয়েছেন। নিহতের সকলে একই পরিবারের সদস্য বলে জানা গেছে। দুর্ঘটনাস্থলেই প্রাণ হারান কয়েকজন অন্যদিকে আহতদের, চিকিৎসার জন্য ফিরোজপুরের সিভিল হাসপাতালে নিয়ে যাওয়া হয়। খবর পেয়ে পুলিসের বরিষ্ঠ আধিকারিকরা ঘটনাস্থলে পৌঁছন , স্থানীয় বাসিন্দাদের সাহায্যে উদ্ধারকাজ সম্পন্ন হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ ছত্রপতি শিবাজী মহারাজের রাজ্যাভিষেক দিবস উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। সমাজ মাধ্যমের এক বার্তায় শ্রী শাহ বলেন, ছত্রপতি শিবাজী মহারাজ আত্মসম্মান, সুশাসন এবং জাতীয় প্রতিরক্ষার আদর্শে উদ্বুদ্ধ এমন একটি

শাসনব্যবস্থা গড়ে তুলেছিলেন, যা ভারতীয় জনগণের মধ্যে নতুন আত্মবিশ্বাসের সঞ্চার করেছিল। স্বরাষ্ট্রমন্ত্রী আরও বলেন, স্বরাজ, স্বসংস্কৃতি এবং স্বধর্মের প্রতি অবিচল নিষ্ঠা এবং অদম্য সাহসে ভর করেই তরুণ শিবাজী 'ছত্রপতি' হয়ে উঠেছিলেন। স্বরাষ্ট্র মন্ত্রী বলেন, ছত্রপতি শিবাজী মহারাজের জীবন দেশের তরুণ প্রজন্মকে দেশপ্রেম এবং সাংস্কৃতিক গৌরবের ভাবধারায় অনুপ্রাণিত করে চলেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কেরালামে দক্ষিণ-পশ্চিম মৌসুমি বায়ু প্রবেশ করার পর ভারতের আবহাওয়া দপ্তর (IMD) আগামী ৯ জুন পর্যন্ত সে রাজ্যের উত্তরের জেলাগুলিতে অতি ভারী বৃষ্টিপাতের পূর্বাভাস দিয়েছে। আজ মালাপ্পুরম, কোঝিকোড়, ওয়ায়ানাড়, কান্নুর এবং কাসারগড় জেলার জন্য লাল সতর্কতা জারি করা হয়েছে। মালাপ্পুরম, কোঝিকোড় এবং ওয়ায়ানাড় জেলায় আগামীকালও রেড অ্যালার্ট বজায় থাকবে। চরম প্রতিকূল আবহাওয়ার আশঙ্কায় জেলা শাসকরা এই চার জেলার শিক্ষাপ্রতিষ্ঠানগুলিতে ছুটি ঘোষণা করেছেন। মৎস্যজীবীদের আগামী মঙ্গলবার পর্যন্ত কেরালাম-লাক্ষাদ্বীপ এবং কর্ণাটক উপকূল সংলগ্ন সমুদ্রে না যাওয়ার পরামর্শ দেওয়া হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

জাপানের কাকামিগাহারায় অনুষ্ঠিত পুরুষদের অনূর্ধ্ব-১৮ এশিয়া কাপ হকিতে সেমিফাইনালে ভারত, পাকিস্তানকে ৫-৩ গোলে হারিয়ে ফাইনালের উঠেছে। আজ তারা ফাইনালে জাপানের মুখোমুখি হবে, অন্যদিকে, পাকিস্তান তৃতীয় স্থান নির্ধারণী ম্যাচে মালয়েশিয়ার বিরুদ্ধে খেলবে। প্রথম সেমিফাইনালে মালয়েশিয়ার বিপক্ষে ৮-১ গোলে জিতে, জাপান ফাইনালে তাদের জায়গা নিশ্চিত করে।

মহিলাদের অনূর্ধ্ব-১৮ এশিয়া কাপে, ভারতীয় দল আজ সেমিফাইনালে চীনের কাছে পেনাল্টি শুটআউটে হেরে প্রতিযোগিতার স্বর্ণপদকের লড়াই থেকে ছিটকে গেছে। চার কোয়ার্টার জুড়ে ২-২ গোলে তীব্র ও প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ ড্রয়ের পর, ভারত শুটআউটে ১-৩ গোলে হেরে যায়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

সাফ (SAFF) মহিলা ফুটবল প্রতিযোগিতার ফাইনালে আজ ভারত বাংলাদেশের মুখোমুখি হবে। গোয়ার মারগাওতে খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে ছটায়। এর আগে, সেমিফাইনালে ভারত ভুটানকে ১-০ গোলে হারিয়ে দেয়। ভারত এখন পর্যন্ত পাঁচবার এই টুর্নামেন্ট জিতেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০